

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৩৮

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

بَابُ الْمَنْهِيِّ عَنْهَا مِنَ الْبُيُوْعِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْخَصَ فِي بَيْعِ الْعَرَايَا بِخَرْصِهَا مِنَ التَّمْرِ فِيمَا دُونَ خَمْسَة أُوسِق أَو خَمْسَة أُوسِق شَكَّ دَاوُد ابْنِ الْحصين

বাংলা

২৮৩৮-[৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আরা-ইয়া' জাতীয় ক্রয় বিক্রয়ে- ফলের অনুমানে খুরমার বিনিময়ে অনুমতি দিয়েছেন। যা সাধারণত পাঁচ আওসুক-এর কম হয়ে থাকে, অথবা পাঁচ আওসুক-এর মধ্যে হয়ে থাকে। দাউদ ইবনু হুসায়ন তা সন্দেহে করেছেন। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৩৮২, মুসলিম ১৫৪১, আবৃ দাউদ ৩৩৬৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অপর নুসখাতে (অনুলিপিতে) (رَخُص) তাশদীদ যোগে রয়েছে। 'আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, হাদীসে উল্লেখিত بِخَرْصِهَا এর بِ বর্ণটি সাবাবিয়া বা কারণবাচক বুঝাতে এসেছে। অর্থাৎ- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাজা খেজুর খুরমার বিনিময়ে অনুমানের মাধ্যমে লেনদেন করার অনুমোদন দিয়েছেন। যদি তা পাঁচ ওয়াসাকের কম হয়। সুতরাং পাঁচ ওয়াসাকের বেশী হলে এরূপ কেনা-বেচা হারাম হবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=68165}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন